ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৫৩৩
আগরতলা, ১০ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

**রাজ্যে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে**
**১,৩১,২৭৯ এমটি ধান ক্রয় করা হয়েছে ঃ খাদ্যমন্ত্রী**

বিগত ২০২০-২১, ২০২১-২২ এবং ২০২২-২৩ এই তিনটি অর্থবছরে রবি ও খারিফ মরশুমে সরকারি ভাবে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে মোট ১ লক্ষ ৩১ হাজার ২৭৯ মেট্রিক টন ধান ক্রয় করা হয়েছে। এতে রাজ্যে মোট ৬৭ হাজার ১৭৮ জন কৃষক উপকৃত হন। বিধানসভার প্রশ্নোত্তর পর্বে বিধায়ক জিতেন্দ্র চৌধুরীর এক প্রশ্নের উত্তরে আজ লিখিতভাবে খাদ্য ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরে মন্ত্রী সুশান্ত চৌধুরী এই তথ্য জানান। খাদ্যমন্ত্রী জানান, কেন্দ্রীয় সরকারের ডিসেন্ট্রালাইজড প্রকিউরমেন্ট পদ্ধতিতে রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে সরাসরি ধান ক্রয় করে এবং এমপেনেল্ড মিলার দ্বারা মিলিং করে উৎপাদিত চাল গণবন্টন ব্যবস্থার মাধ্যমে বিতরণ করে। তিনি জানান, কেন্দ্রীয় সরকার রাজ্যের গণবন্টনের জন্য বার্ষিক যে পরিমাণ চাল এফসিআই'র মাধ্যমে প্রদান করে তার সঙ্গে প্রকিউরমেন্ট থেকে প্রাপ্ত চাল এডজাস্টমেন্ট করা হয়। কৃষকদের ধানের মূল্য প্রথমে খাদ্য দপ্তরের ক্যাশ ক্রেডিট ফান্ড থেকে সরাসরি কৃষকদের ব্যাঙ্ক একাউন্টে প্রদান করা হয় এবং পরবর্তী সময়ে এই অর্থ কেন্দ্রীয় সরকারের কনজিউমার অ্যাফেয়ার্স, ফুড এন্ড পাবলিক ডিস্ট্রিবিউসন মন্ত্রনালয় খাদ্য দপ্তরকে রিইমবার্সমেন্ট করে থাকে। তিনি আরও জানান, রাজ্যে ধান ক্রয়ের ক্ষেত্রে এফসিআই এর সরাসরি কোনও ভূমিকা নেই।

******